

নম্বর 202.42

নির্বাহী আদেশ

**দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত  
আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন**

**যেখানে,** 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

**যেখানে,** COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

**এখন, তাই,** আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুল্লেখ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 15 জুলাই 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- নির্বাহী আদেশ 202.35 এর অন্তর্ভুক্ত নির্দেশিকা, যেমন নির্বাহী আদেশ 202.38 দ্বারা বর্ধিত এবং সংশোধিত, যা নির্বাহী আদেশ 202.10 এর নির্দেশিকা সংশোধন করেছে, যা সকল অনাবশ্যিক সমাবেশকে দশ জন বা তার কম ব্যক্তির মধ্যে সীমাবদ্ধ করেছে, এতদ্বারা আরো সংশোধন করা হয় পঁচিশ (25) জন বা তার কম ব্যক্তিকে অনুমতি দেওয়ার জন্য, যে কোন বৈধ উদ্দেশ্য বা কারণে, যদি সমাবেশের অবস্থান এমন একটি অঞ্চলে হয় যা রাজ্যের পুনরায় চালু হওয়ার তৃতীয় পর্যায়ে পৌঁছে গেছে, এবং স্বাস্থ্য দপ্তর (Department of Health) এর প্রয়োজনীয় সামাজিক দূরত্বের প্রোটোকল এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের প্রোটোকল যথাযথভাবে পালন করা হয়।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব

সিলমোহর সহ দুই হাজার বিশ সালের

জুন মাসের পঞ্চদশতম দিনে এটি প্রদান

করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব